بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

প্রধানমন্ত্রী

**প্রধানমন্ত্রী**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

# বাণী

একটি দক্ষ, জবাবদিহিমূলক, স্বচ্ছ ও জনকল্যাণমুখী জনপ্রশাসন ব্যবস্থা গড়ে তোলা বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। রাষ্ট্রীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং সেবাদানে দক্ষতা ও পেশাদারিত্ব নিশ্চিত করার মাধ্যমে জনগণের প্রত্যাশা পূরণে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। একটি আধুনিক, মেধাভিত্তিক ও সেবামুখী প্রশাসনই টেকসই উন্নয়ন এবং কার্যকর রাষ্ট্রব্যবস্থার প্রধান ভিত্তি।

জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত 'ওএন্ডএম ম্যানুয়্যাল, ২০২৬' সরকারি প্রতিষ্ঠানের সংগঠন ও ব্যবস্থাপনা-সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় একটি কার্যকর নির্দেশিকা হিসেবে ব্যবহৃত হবে বলে আমি আশা করি। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরা এ ম্যানুয়্যালের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে প্রশাসনিক কার্যক্রমকে আরও দক্ষ, গতিশীল ও ফলপ্রসূ করে তুলবেন এটাই আমার প্রত্যাশা।

দেশের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত করা এবং সর্বোত্তম নাগরিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে সকল মন্ত্রণালয়, বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানের সাংগঠনিক সক্ষমতা সুদৃঢ় করা অপরিহার্য। প্রয়োজনীয় জনবল, যানবাহন, অফিস সরঞ্জাম ও অন্যান্য সম্পদের যৌক্তিক বিন্যস্তকরণ এবং দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানগুলোর কার্যকারিতা বৃদ্ধি করতে হবে। এ ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমি বিশ্বাস করি, 'ওএন্ডএম ম্যানুয়্যাল, ২০২৬' ওএন্ডএম-সংক্রান্ত জ্ঞান ও সচেতনতা বৃদ্ধির পাশাপাশি দায়িত্বশীলতা, দক্ষতা ও পেশাদারিত্বের সংস্কৃতি আরও সুদৃঢ় করবে। একই সঙ্গে সরকারি প্রতিষ্ঠানের সাংগঠনিক দক্ষতা বৃদ্ধি এবং 'মেরিটোক্রেসির বাংলাদেশ' বিনির্মাণে এ ম্যানুয়্যালটি একটি কার্যকর সহায়ক হিসেবে ভূমিকা রাখবে।

'ওএন্ডএম ম্যানুয়্যাল, ২০২৬' প্রণয়ন ও প্রকাশে সংশ্লিষ্ট সকলের নিষ্ঠা, শ্রম ও আন্তরিকতার জন্য আমি তাদের ধন্যবাদ জানাই এবং ম্যানুয়্যালটির সর্বোচ্চ কার্যকর প্রয়োগ কামনা করি।

তারেক রহমান